

বঙ্গভবন, ২৪ মার্চ ২০২২:

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে আজ বাংলাদেশে নবনিযুক্ত অনাবাসিক ৬ জন হাইকমিশনার ও রাষ্ট্রদূত তাদের পরিচয়পত্র পেশ করেছেন।

বিকেলে বঙ্গভবনে পৌঁছলে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট এর একটি টোকস দল তাদের গার্ড অব অনার প্রদান করে।

নতুন দূতগণ হলেন:

কিরগিজ এর রাষ্ট্রদূত **Asein Isaev**, ফিনল্যান্ডের রাষ্ট্রদূত **Riva Koukku Ronde**, সিয়েরা লিওনের রাষ্ট্রদূত **Rashid Sesay**, হাঙ্গেরি রাষ্ট্রদূত **Andras Laszlo Kiraly**, মাল্টার হাইকমিশনার **Reuben Gauci** এবং কলম্বিয়ার রাষ্ট্রদূত **Mariana Pacheco Montes**.

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ নতুন দূতদের স্বাগত জানান। অর্থনৈতিক উন্নয়ন এবং নারীর ক্ষমতায়নসহ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের সাফল্য তুলে ধরে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেন, বাংলাদেশ এখন বিশ্বে উন্নয়নের রোল মডেল। তথ্য প্রযুক্তির কারণে গোটা বিশ্ব এখন পরস্পর নির্ভরশীল উল্লেখ করে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেন, নিজ নিজ দেশের উন্নয়ন সম্ভাবনাকে কাজে লাগাতে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সহযোগিতা অপরিহার্য। রাষ্ট্রপতি আশা করেন নতুন দূতগণ দায়িত্ব পালনকালে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধিতে কাজ করবেন। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলা এবং রোহিঙ্গা সমস্যার সমাধানে সম্মিলিত পদক্ষেপের উপর জোর দেন রাষ্ট্রপতি আবদুল হামিদ।

সাক্ষাৎকালে নতুন হাইকমিশনার ও রাষ্ট্রদূতগণ দায়িত্ব পালনে রাষ্ট্রপতির সার্বিক সহযোগিতা কামনা করেন। বলেন বাংলাদেশের সাথে নিজ নিজ দেশের সম্পর্ক উন্নয়নে কাজ করবেন তারা।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এসএম সালাহ উদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।